প্রথম আলো

তারিখ ... OCT. 01 2000 ...
পৃষ্ঠা ০৭ কলাম ৫

# কওমি মাদ্রাসা সম্পর্কে বিরূপ মন্তব্যের প্রতিবাদ

কওমি মাদ্রাসা সম্পর্কে বিরূপ মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ড। গতকাল শনিবার বোর্ডের যুগ্ম মহাসচিব আবদুল জব্বার এক বিবৃতিতে এ প্রতিবাদ জানান।

তিনি বলেন, গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত শিক্ষা আন্দোলন মঞ্চের সেমিনারে কওমি মাদ্রাসা সম্পর্কে বক্তাদের বিরূপ মন্তব্য শিক্ষার এই ধারা সম্পর্কে তাদের ন্যূনতম জ্ঞানের বহিপ্রকাশ। তিনি এ ধরনের বক্তব্যে চরম বিস্ময় ও ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। বিজ্ঞপ্তি।